

৫৫

# বৃহত্তর সিলেটের জন্য পৃথক শিক্ষা বোর্ড স্থাপনের দাবী

॥ সিলেট অফিস ॥ কারীদের কঠোর শাস্তি দাবী করি-  
বৃহত্তর সিলেট গণদাবী পরিষদ রাচ্ছে। গতকাল (মঙ্গলবার) পরি-  
কুমিল্লা বোর্ডের প্রশ্নপত্র ফাঁস- (১০ম পৃ: ৪-এর ক: ড:)

## পৃথক শিক্ষা বোর্ড (১ম পৃ: পর)

ষদের কার্যালয়ে মো: মবশ্বির আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এস, এস, সি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ও পরীক্ষা বাতিল করার গভীর উদ্বেগ প্রকাশ করিয়া বলা হয়, কুমিল্লা শিক্ষা বোর্ড প্রতিষ্ঠার পর হইতেই প্রশ্নপত্র ফাঁস, দুর্নীতির মাধ্যমে পরীক্ষায় পাস করানো এবং ভিভিশন প্রদান ইত্যাদি অভিযোগ রহিয়াছে। সভায় অবিলম্বে বৃহত্তর সিলেটের জন্য পৃথক উচ্চ ও মাধ্যমিক শিক্ষা বোর্ড সিলেটে স্থাপনের দাবী জানান হয়।

সিলেট চেম্বার অব কমার্স এণ্ড ইণ্ডাস্ট্রীর এক সভায় এস এস সি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস এবং পরীক্ষা বাতিল করার গভীর উদ্বেগ প্রকাশ করা হয় এবং অবিলম্বে প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িত ব্যক্তিদের দুর্জিয়া বাহির করিয়া দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করা হয়।

16